
# চিকিৎসার জন্য বিদেশে যাওয়ার প্রবণতা কমেছে: সমাজকল্যাণমন্ত্রী




সমাজকল্যাণমন্ত্রী এ. জেড. এম. জাহিদ হোসেন। ছবি: সংগৃহীত

চিকিৎসার উদ্দেশ্যে রোগীদের বিদেশে যাওয়ার প্রবণতা আগের তুলনায় কমেছে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী এ. জেড. এম. জাহিদ হোসেন।

শুক্রবার (১৮ সেপ্টেম্বর) রাজধানীর জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটে আয়োজিত কার্ডিওভাসকুলার সার্জারি বিষয়ক এক সম্মেলনে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, দেশে চিকিৎসাসেবার মান আরও উন্নত করা গেলে মানুষের আস্থা আরও বাড়বে। একই সঙ্গে নিম্নবিত্ত থেকে উচ্চবিত্ত—সব শ্রেণির মানুষের স্বাস্থ্যসেবার প্রয়োজন বিবেচনায় নিয়ে সরকার পরিকল্পনা করছে।

তিনি জানান, এসব পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য খাতে বাজেট দ্বিগুণ করা হয়েছে। পাশাপাশি চিকিৎসকদের দক্ষতা উন্নয়নের পাশাপাশি তাদের মাসিক ভাতা বাড়ানোর ওপরও গুরুত্বারোপ করেন সমাজকল্যাণমন্ত্রী।

LENS ASIA